



তেল আছে সংসদে, জনগণের কাছে নেই: জামায়াত আমির



বক্তব্য রাখছেন জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: যুগান্তর

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, সংসদে সরকারের বক্তব্য শুনে মনে হয় দেশ তেলে ভাসছে, অথচ সাধারণ মানুষ বাস্তবে জ্বালানি সংকটে ভুগছে। রাজধানীর কেআইবি মিলনায়তনে এক সেমিনারে তিনি এই মন্তব্য করেন।

তিনি বলেন, সংসদ থেকে এখনো জনগণের প্রত্যাশা অনুযায়ী কার্যকর ফল আসেনি। ব্যাংকিংসহ নানা খাতে ‘গোঁজামিলের’ সংস্কৃতি চলছে, যা টেকসই নয়। মেধাভিত্তিক সমাজ গঠনের ওপরও জোর দেন তিনি।

জ্বালানি সংকটের কারণে কৃষি মারাত্মক ঝুঁকিতে পড়ছে উল্লেখ করে তিনি সতর্ক করেন, কৃষি ক্ষতিগ্রস্ত হলে দেশের খাদ্য নিরাপত্তা হুমকিতে পড়বে। এ পরিস্থিতিতে ৬০-৯০ দিনের জ্বালানি মজুত গড়ে তোলা, সিডিকেট ভাঙা এবং বিকল্প জ্বালানিতে জোর দেওয়ার পরামর্শ দেন তিনি।

এ সময় তিনি কৃষি খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানিয়ে বলেন, জ্বালানি সংকট অব্যাহত থাকলে সেচব্যবস্থা ব্যাহত হবে এবং উৎপাদনে বড় ধাক্কা লাগতে পারে, যার প্রভাব পড়বে পুরো অর্থনীতিতে।